

## মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ শাপলা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ  
সভার তারিখ : ৩০/৭/২০২১ খ্রি.  
সভার সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা  
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা নিম্নরূপ:

ক্রম	নাম ও পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১.	জনাব মোছাঃ শাপলা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ	সভাপতি	স্বাঃ/-
০২.	চেয়ারম্যান, গুভগাছা ইউনিয়ন পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ	সদস্য	স্বাঃ/-
০৩.	চেয়ারম্যান, চালিতাডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ	সদস্য	স্বাঃ/-
০৪.	চেয়ারম্যান, চরগিরিশ ইউনিয়ন পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ	সদস্য	স্বাঃ/-
০৫.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ	সদস্য-সচিব	স্বাঃ/-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মহিলা ও শিশু বিষয়ক কমিটির সভায় সদস্য সচিব বলেন, মহিলা বিষয়ক কার্যালয়ের বাউন্ডারী ওয়াল, রুম ও বাথরুম নির্মাণ করার জন্য সদর কার্যালয় ঢাকা হতে বাজেট বরাদ্দ পাওয়ায় বিষয়টি সকলকে অবহিত করেন। সভাপতি বলেন, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়টি উপজেলা পরিষদের ভেতরে অবস্থিত হওয়ার কারণে মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আলাদা করে বাউন্ডারী ওয়াল নির্মাণের প্রয়োজন নেই বলে তিনি মনে করেন এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের চলমান প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বাউন্ডারী ওয়ালের পরিবর্তে একটি প্রশিক্ষণ রুম, একটি অফিস রুম ও বাথরুম নির্মাণের জন্য উপজেলা পরিষদের সভায় প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: মহিলা বিষয়ক কার্যালয়ের অফিস ভবন মেরামত/রক্ষণাবেক্ষণ বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বাউন্ডারী ওয়ালের পরিবর্তে প্রশিক্ষণ রুম, অফিস রুম ও বাথরুম নির্মাণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সদস্য সচিব জানান, এ মাসে কোন নারী ও শিশু নির্ধারিত মামলার অভিযোগ আসেনি এবং যৌতুক সংক্রান্ত কোন মামলা হয়নি। বাল্য বিবাহ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ শাপলা খাতুন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

কাজিপুর, সিরাজগঞ্জ

অনুলিপি সদয় অবগতির জন্য

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ

০২। উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ





০৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়.  
কাজিপুর, সিরাজগঞ্জ

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

তারিখ : ৩০-০৭-২০২২

সময় : বিকাল ৩:০০

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	মোছাঃ শাপলা খাতুন	সভাপতি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	
২	মোঃ গিয়াস উদ্দিন	চেয়ারম্যান, গুভগাছা ইউপি	
৩	মোঃ আতিকুর রহমান	চেয়ারম্যান, চালিতাডাঙ্গা ইউপি	
৪	এস এম জিয়াউল হক	চেয়ারম্যান, চরগিরিশ	
৫	চিত্রা রানী সাহা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	